বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাতলা, বগুড়া
Website: sonatala.bogra.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৩ খ্রি. (১৪৪৪ হিজরি) উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব সাঈদা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলেনিয়াম হলরুম, সোনাতলা, বগুড়া।
সভার তারিখ : ১৩ এপ্রিল ২০২৩ খ্রি. সময়: বেলা- ১১.৪৫ ঘটিকায়।

উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য (হাজিরা ক্রমানুসারে)।

সভাপতি উপস্থিত সুধিবৃন্দকে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৩ এর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

| ক্রম | বিষয় | আলোচনা সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা উত্তোলন | ঈদের দিন সরকারি ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। বিষয়টি বহুল প্রচার করতে হবে। | ১. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০২ | মাঠ প্রস্তুতকরণ ও সুসজ্জিতকরণ | ১. ঈদগাহ্ মাঠ নামাজের উপযোগী করে প্রস্তত করতে হবে।<br>২. চট ও মাদুর বিছানোসহ মুসল্লিদের জন্য ওজুর সু-ব্যবস্থা রাখতে হবে।<br>৩. ঈদ মোবারক খচিত পতাকা/ফেস্টুন দিয়ে ঈদগাহ্ মাঠ, প্রবেশপথ ও শহরের গুরুত্বপূর্ণ স্থান সুসজ্জিত করতে হবে।<br>৪. ঈদগাহ্ মাঠের সীমানা প্রাচীর ও মেহেরাব রং করতে হবে। | ১. মেয়র, সোনাতলা, পৌরসভা, বগুড়া। |
| ০৩ | সামিয়ানা টানানো | এ বছর করোনা মহামারীর প্রকোপ কমে যাওয়ায় আবহাওয়া অনুকূলে থাকলে কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে মুসল্লীদের উপস্থিতি পূর্বের তুলনায় অনেক বেশী হতে পারে। পবিত্র ঈদ-উল-ফিতর সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে বাড়তি সংখ্যক মুসল্লীর স্থান সংকুলানের ব্যবস্থা রেখে সামিয়ানা টানাতে হবে। | ১. মেয়র, সোনাতলা, পৌরসভা, বগুড়া। |
| ০৪ | নামাজের সময়সূচি | ১. এ উপজেলার কেন্দ্রীয় ঈদগাহ্ মাঠে সকাল ৮.৩০ টায় ঈদের জামাত অনুষ্ঠিত হবে। উক্ত ঈদগাহ মাঠে নামাজ পড়াবেন কেন্দ্রীয় ঈদগাহ মাঠের ইমাম জনাব মোঃ আতাউল মোস্তফা (কামিলী)। তিনি বিকল্প ইমাম প্রস্তত রাখবেন।<br>২.ঈদের দিন আবহাওয়া খারাপ থাকলে উপজেলা পরিষদ মসজিদে ঈদের জামাত সকাল ০৯.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উপজেলা পরিষদ মসজিদে ইমাম জনাব মাওলানা আফজাল হোসেন নামাজ পড়াবেন। এছাড়াও স্ব-স্ব এলাকার মসজিদে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে। তাছাড়া অন্যান্য মসজিদভিত্তিক ঈদের জামাতের সময়সূচি স্থানীয়ভাবে নির্ধারিত হবে। | ১.মেয়র, সোনাতলা, পৌরসভা, বগুড়া।<br>২. পেশ ইমাম, উপজেলা পরিষদ, মসজিদ, সোনাতলা, বগুড়া<br>৩. সংশ্লিষ্ট মসজিদ কমিটি |
| ০৫ | আইন-শৃঙ্খলা | পবিত্র ঈদ-উল-ফিতর সুষ্ঠুভাবে উদ্‌যাপন এবং সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঈদের দিনে উঠতি বয়সের তরুণদের মোটর সাইকেল রেস প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। পিকআপ/ট্রাকে করে সাউন্ড সিস্টেমসহ ঘোরাফেরা বন্ধ করতে হবে। | ১. অফিসার্স ইনচার্জ, সোনাতলা থানা,বগুড়া |
| ০৬ | স্বাস্থ্যসেবা | কেন্দ্রীয় ঈদগাহে ঈদের নামাজ চলাকালীন স্বাস্থ্যসেবা ও জরুরি পরিস্থিতি মোকাবেলা করার জন্য ফায়ার সার্ভিসের গাড়ি ও এ্যাম্বুলেন্সের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাতলা<br>২. অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সোনাতলা, বগুড়া |
| ০৭ | বিশেষ খাবার পরিবেশন | উপজেলার বিভিন্ন সরকারি হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার, সরকারি শিশু সদন, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, সেফ হোমস, ভবঘুরে কল্যাণ ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে বিশেষ খাবার পরিবেশন করতে হবে। | ১.উপজেলা সমাজ সেবা অফিসার, সোনাতলা, বগুড়া<br>২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |

<table>
<tr><td>০৮</td><td>স্থানীয় পর্যায়ে কর্মসূচি প্রণনয়</td><td>উপজেলা পর্যায়ের কর্মসূচির আলোকে স্থানীয় পর্যায়ে অনুরূপ কর্মসূচি গ্রহণ করার বিষয়ে সকল ইউপি. চেয়ারম্যানগণ স্থানীয় ঈদগাহ্ কমিটি ও গণ্যমান্য ব্যক্তিদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন</td><td>ইউপি. চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>০৯</td><td>প্রচার</td><td>ঈদের প্রধান জামাত অনুষ্ঠানের সময়সূচি মাইকযোগে এ উপজেলার বিভিন্ন স্থানে ঈদের দুই দিন পূর্ব থেকে প্রচার করতে হবে। নিরাপত্তাজনিত কারণে ঈদের জামাতে প্রবেশের সময় কোন ব্যাগ, ব্যাকপ্যাক বহন করা যাবে না মর্মে ব্যাপক প্রচার করতে হবে।</td><td>১. মেয়র, সোনাতলা, পৌরসভা, বগুড়া।<br>২. ইউপি. চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১০</td><td>বিবিধ</td><td>১.ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,সোনাতলা বগুড়া, এ উপজেলার সকল মসজিদের ইমামগণের মাধ্যমে ঈদ-উল-ফিতরের নামাজের সময়সূচি প্রতিটি মসজিদে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২.পাড়া/মহল্লার রাস্তার ধারে উচ্চস্বরে গান বাজনা, মাইক বাজানো যাবে না।</td><td>১. ইউপি. চেয়ারম্যান (সকল)<br>২.ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনাতলা, বগুড়া।</td></tr>
<tr><td>১১</td><td>ঈদের জামাত ব্যবস্থাপনা কমিটি গঠন</td><td>ঈদের জামাত ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো। প্রয়োজনে উক্ত কমিটি যে কাউকে সভায় কো-অপ্ট করতে পারবেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>০১</td><td>সহকারী কমিশনার (ভূমি) সোনাতলা</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>অফিসার্স ইনচার্জ, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>.মেয়র, সোনাতলা পৌরসভা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>সকল ইউপি. চেয়ারম্যান, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৮</td><td>অধ্যক্ষ, সরকারি মডেল স্কুল এন্ডল কলেজ, সোনাতলা,</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৯</td><td>সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০</td><td>সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, সোনাতলা</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১</td><td>বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রফিকুল ইসলাম (সাবেক কমান্ডার)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা কৃষি অফিসার, সোনাতলা</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গ, সোনাতলা, বগুড়া।</td></tr>
</table>

ঈদের তাৎপর্য ও মর্মার্থ বর্ণনা করে সোনাতলা উপজেলায় যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সাথে আসন্ন ঈদ-উল-ফিতর-২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে সকলের সম্মিলিত ও ঐকান্তিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সাফল্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাঈদা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা, বগুড়া।
ফোনঃ০২৫৮৯৯১০৭০১
ই-মেইল-unosonatola@mopa.gov.bd

স্মারকনংঃ ০৫.৫০.১০৯৫.০১৭.১৭.০১১২৩- ৪১৯(৩০)

৩০ চৈত্র ১৪২৯ ব.
তারিখ ঃ ------------------
১৩ এপ্রিল ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। উপজেলা চেয়ারম্যান, সোনাতলা, বগুড়া
৩। সহকারি কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া।
৪। উপজেলা....................................................কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।
৬। মেয়র, সোনাতলা পৌরসভা, সোনাতলা, বগুড়া।
৭। চেয়ারম্যান,---------------------ইউ,পি(সকল), সোনাতলা, বগুড়া।
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, সোনাতলা উপজেলা শাখা, বগুড়া।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সোনাতলা, বগুড়া।
১০। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনাতলা, বগুড়া।
৮। জনাব,---------------------------------- সোনাতলা, বগুড়া।

১৩/০৪/২০২৩
(সাঈদা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা, বগুড়া।
ফোনঃ০২৫৮৯৯১০৭০১
ই-মেইল-unosonatola@mopa.gov.bd